



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৮৬৩২

ই-মেইল : wparty@mail@gmail.com, www.wpb71.org

২৩ মে ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

মিরপুরে শিশু রামিসা ধর্ষণ ও হত্যা, সারাদেশে চলমান
শিশু নির্যাতন-হত্যা-ধর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ ও উৎকর্ষা প্রকাশ।

----পলিটবুরো, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি পলিটবুরো এক বিবৃতিতে মিরপুরে ২য়শ্রেণীর ছাত্রী রামিসাকে ধর্ষণ অতঃপর হত্যার তীব্র নিন্দা ও উদ্বেগ জানিয়েছে। পলিটবুরো মনে করে দেশে ৩ মাস হলো একটি নির্বাচিত সরকার ক্ষমতায় রয়েছে; কিন্তু দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ক্রমাবনতি ঘটেই চলেছে। দেশব্যাপী হত্যা-খুন-রাহাজানি, ছিনতাই, শিশু-নারী ধর্ষণ অব্যাহত রয়েছে। আইনশৃঙ্খলা সম্পর্কে পত্রিকার রিপোর্ট যা বলছে তা ভয়াবহ আতঙ্ক ছড়াচ্ছে। ৫ আগস্ট ২০২৪ পটপরিবর্তনে পর মবরাজত্ব, রাজনৈতিক শৃঙ্খলা-আইন শৃঙ্খলা ভেঙে পড়ার পর তা এখনও পুনরুদ্ধার হয় নি। আইনের শাসন প্রতিষ্ঠিত হতে পারছে না। আইনঅঙ্গনে দুর্নীতি-দলবাজি, আইনশৃঙ্খলা বাহিনীর ব্যর্থতা মানুষকে স্বাভাবিক নিরাপত্তা দিতে পারছে না। অথচ এখনও পর্যন্ত মাঠে সেনাবাহিনী রাখা হয়েছে। তা নিয়েও জনমনে প্রশ্ন দেখা দিচ্ছে।

পলিটবুরো শিশু রামিসার ধর্ষক খুনির বিচার নিশ্চিতসহ সরকারকে সজাগ করে বলতে চায় মানুষের নিরাপত্তা প্রদানে ব্যর্থ হলে এবং অসাম্প্রদায়িক গণতান্ত্রিক শক্তি, রাজনৈতিক চাপে কোন ঠাসা করে রাখলে ধর্মান্ধ ফ্যাসিবাদী চক্রের আক্রমণ আরো বাড়বে। ঘোলাজলে তারা মাছ শিকার করবে। দেশের এই অস্থির সময়ে সকল গণতান্ত্রিক অসাম্প্রদায়িক রাজনৈতিক শক্তির ঐক্য জরুরী।

বার্তা প্রেরক

(মোস্তফা আলমগীর রতন)

সদস্য, কেন্দ্রীয় প্রচার বিভাগ

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

মোবাইল : ০১৭১৫১৫৫৩৮৭